# Times Today BD

রকিবুল হাসান রকি | জেলার খবর | 26 March, 2025

রাজশাহী পুঠিয়া উপজেলার বেলপুকুর রেলগেটে বাংলাবান্ধা ট্রেনের ধাক্কায় দুই মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন।বুধবার সন্ধ্যা ৬টা পাঁচ মিনিটে এই দুর্ঘটনাটি ঘটে।

নিহতরা হলেন, নাটোর সদর থানার চাঁদপুর বাজার এলাকার আব্দুর রাজ্জাকের ছেলে মিজানুর (৩৩) এবং একই এলাকার সোলাইমানের ছেলে জহুরুল (৩৫)।

প্রত্যক্ষদর্শীরা জানান, রাজশাহীর বেলপুকুর রেলগেটে ট্রেন আসার সংকেত পেয়ে ঢাকা-রাজশাহী মহাসড়কে রাস্তার রেল ক্রসিং গেট বন্ধ করে দেয়া হয়।পঞ্চগড় থেকে রাজশাহীগামী বাংলাবান্ধা এক্সপ্রেস ট্রেনটি ক্রসিংয়ে উঠার সাথে সাথে মোটরসাইকেল নিয়ে রাজশাহী থেকে যাবার পথে তারা রেল ক্রসিংয়ে ঢুকে যায়। এসময় বিকট শব্দে ট্রেনের ধাক্কায় মোটরসাইকেলসহ তারা ছিটকে পড়ে যায়।অন্তত আধা কিলোমিটার দুরে তাদের মৃতদেহ পাওয়া যায়।

রাজশাহী রেলওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা  (ওসি) ফয়সাল বিন আহসান বলেন, সন্ধ্যা ছয়টার দিকে বেলপুকুর রেলগেট এলাকায় পঞ্চগড় থেকে রাজশাহীগামী বাংলাবান্ধা ট্রেন একটি মোটরসাইকেলকে ধাক্কা দেয়।এতে ঘটনাস্থলে মিজানুর ও জহুরুলের মৃত্যু হয়।এই ঘটনায় থানায় একটি অপমৃত্যুর মামলা দায়ের করার প্রস্তুতি চলছে। আইনগত প্রক্রিয়া শেষে লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

বাংলাবান্ধা ট্রেন মোটরসাইকেল আরোহী নিহত ট্রেনের ধাক্কা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:12

URL: https://www.timestodaybd.com/public/countrywide/77580756